সমকাল

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# সহপাঠীর মৃত্যুতে ২৩ শিক্ষার্থীকে সালিশে বেত্রাঘাত

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

মুন্সীগঞ্জে সহপাঠীর মৃত্যুকে কেন্দ্র করে গ্রাম্য সালিশে ২৩ শিক্ষার্থীকে বেত্রাঘাত ও ৫০ হাজার টাকা করে জরিমানার ঘটনা ঘটেছে। এতে এক আহত শিক্ষার্থীর বাবা থানায় স্থানীয় ইউপি চেয়ারম্যানসহ ২৪ জনের বিরুদ্ধে মামলা করলে গতকাল শুক্রবার পর্যন্ত পুলিশ ৪ জনকে গ্রেফতার করেছে।

এলাকাবাসী জানায়, গত ১৫ সেপ্টেম্বর নৌভ্রমণে গিয়ে নিখোঁজ হয় শহরের উপকণ্ঠ মুক্তারপুরের বাগবাড়ী এলাকার নাছিরউদ্দিনের ছেলে অষ্টম শ্রেণির ছাত্র আরাফাত। তিন দিন পর সিরাজদীখানের দোসরপাড়া এলাকার ইছামতি নদী থেকে তার লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় গত বৃহস্পতিবার পঞ্চসার ইউনিয়নের চেয়ারম্যান গোলাম মোস্তফার উপস্থিতিতে সালিশ বসে। সেখানে ২৩ শিক্ষার্থীকে ২৫টি করে বেত্রাঘাত ও ৫০ হাজার টাকা করে জরিমানা করা হয়। এরপর চেয়ারম্যানের আস্থাভাজন টিটু ও আরিফ নামের দুই ব্যক্তি শিক্ষার্থীদের বেত্রাঘাত করেন। এতে শিক্ষার্থীরা আহত হলে তাদের মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. সঞ্জয় পোদ্দার জানান, বেত্রাঘাতে আহত শিক্ষার্থীরা সবাই কিশোর। গুরুতর না হলেও তাদের শরীরের আঘাতের চিহ্ন রয়েছে।

বেত্রাঘাতের ঘটনায় ওই দিন রাতেই আহত এক শিক্ষার্থীর বাবা তোফাজ্জল হোসেন ইউপি চেয়ারম্যানসহ ২৪ জনকে আসামি করে সদর থানায় মামলা করেন। গতকাল রাত পর্যন্ত ৪ আসামিকে গ্রেফতার করেছে পুলিশ।

এ প্রসঙ্গে পঞ্চসার ইউনিয়নের চেয়ারম্যান গোলাম মোস্তফা জানান, পঞ্চায়েত কমিটি সালিশের মাধ্যমে শিক্ষার্থীদের বিচার করেছে। চেয়ারম্যান হিসেবে আমি সেখানে উপস্থিত ছিলাম। সদর থানার ওসি মো. ইউনুচ আলী মামলা ও গ্রেফতারের তথ্য নিশ্চিত করেছেন।